# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## মনোবিজ্ঞান প্রথম পত্র

বিষয় কোড: | ১ | ২ | ৩ |

সময়-২ ঘন্টা ৩৫ মিনিট — সৃজনশীল প্রশ্ন — পূর্ণমান: ৫০

*[দ্রষ্টব্য: ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং ৭ ও ৮ নং প্রশ্ন বাধ্যতামূলক। 'ক' ও 'খ' গুচ্ছের প্রতিটি থেকে কমপক্ষে একটি প্রশ্নসহ যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। সর্বমোট পাঁচটি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেকটি প্রশ্নের মান ১০।]*

**১.▶** দৃশ্যকল্প-১ : মিঃ রাজিব একজন কৃষিবিদ। তিনি ধানের অনেকগুলো জাতের মধ্যে একটি নিয়ে গবেষণা করবেন বলে ঠিক করলেন। তারপর তিনি এটির সুনির্দিষ্ট ও সুস্পষ্টভাবে বর্ণনা দিলেন। পরীক্ষা করার জন্য নির্দিষ্ট ধান নিয়ে গবেষণাগারে উপযুক্ত আলো, বাতাস ও তাপমাত্রায় রাখলেন।

দৃশ্যকল্প-২ : রহিম পড়ালেখায় কিছুতেই ভালো ফলাফল করতে পারছেনা। সে ঠিক করল এই কাজ তাকে দিয়ে হবে না। তার আগ্রহের জায়গা হলো দাবা খেলা। এর পর থেকে রহিম দাবা খেলায় বেশী মনোযাগী হলো। দেখা গেল কিছুদিনের মধ্যেই সে একজন নামকরা দাবা খেলোয়াড় হিসেবে সুনাম অর্জন করতে লাগল।

ক. বাহ্যিক আচরণ কী? ১

খ. মনোবিজ্ঞান কিভাবে শিক্ষা বিজ্ঞানের সাথে সম্পর্কিত? ২

গ. দৃশ্যকল্প-১ এ বিজ্ঞানের কোন নীতি দুটির প্রতিফলন বর্ণনা কর। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এর ধারণা কোন দৃষ্টিভঙ্গির অন্তর্ভুক্ত? এটি কীভাবে মনোবিজ্ঞানের ক্রমবিবর্তনে অবদান রেখেছে মতামত ব্যক্ত কর। ৪

**২.▶** দৃশ্যকল্প-১ ঃ মিঃ কামরুল ক্লাসের ছাত্রদের কয়েকটি গ্রুপে ভাগ করে ৪৫ নম্বরের পরীক্ষা নিলেন। ৮ জনের একটি গ্রুপের ফলাফল নিম্নরূপঃ

১২, ২৬, ১৮, ৩৬, ২৭, ৩৩, ৪২, ২৫

দৃশ্যকল্প-২ ঃ মিঃ সোহেল একাদশ শ্রেণির ৩০ জন ছাত্রের ওপর পরীক্ষা করে তাদের ফলাফল নিম্নরূপ শ্রেণিভিত্তিক উপস্থাপন করলেন।

| শ্রেণি ব্যবধান | ২৫-২৯ | ৩০-৩৪ | ৩৫-৩৯ | ৪০-৪৪ | ৪৫-৪৯ | ৫০-৫৪ |
|---|---|---|---|---|---|---|
| পৌনঃপুন্য | ২ | ৪ | ৯ | ৪ | ৮ | ৩ |

ক. প্রচুরক বলতে কী বোঝ? ১

খ. জার্নাল, সরকারী প্রকাশনা, প্রতিবেদন থেকে প্রাপ্ত উপাত্তকে মাধ্যমিক উপাত্ত বলা হয় কেন? ২

Teachingbd24.com

গ. দৃশ্যকল্প-১ এ উপস্থাপিত উপাত্তের মধ্যমা নির্ণয় কর। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এর উপাত্তের গড় নির্ণয় কর এবং গড় ও মধ্যমার তুলনামূলক আলোচনা কর। ৪

**নিম্নের প্রতিটি গুচ্ছ হতে কমপক্ষে ১টি করে মোট ৩টি প্রশ্নের উত্তর দাও:**

**ক গুচ্ছ**

৩.▶ সুজন, সাথী ও সোনালী তিন ভাইবোন। সুজনের বয়স ৯ বৎসর। সে সবসময় চেষ্টা করে ভাল ভাল কাজ করতে। যাতে সবার স্বীকৃতি অর্জন করা যায়, সবার সাথে সুসম্পর্ক বজায় থাকে। প্রচলিত রীতিনীতি মেনে চলার প্রবণতা লক্ষ করা যায়। সাথীর বয়স ২ বছর আর সোনালীর বয়স ৭ বছর। সাথী অচেনা ব্যক্তি, জীবজন্তু দেখলে দৌড়ে মায়ের কাছে এসে লুকায়। কোন কিছু করতে বা ধরতে বাধা দিলে চিৎকার করতে থাকে। অপরদিকে সোনালী টেলিভিশনে বীভৎস, ভয়ংকর কিছু দেখলে কান্না করে ফেলে। আর তার খেলনা সামগ্রী নিয়ে যখন কোন সমস্যা হয় তখন সে চিৎকার করে।


ক. বংশগতি কী? ১

খ. ফেরেল মানবরা স্বাভাবিক মানুষদের তুলনায় কোন কোন দিক থেকে ভিন্ন? ২

গ. সুজনের মধ্যে কোন ধরনের বিকাশ লক্ষণীয় বর্ণনা কর। ৩

ঘ. সাথী ও সোনালীর বিকাশ কোন ধরনের? তুলনামূলক আলোচনা কর। ৪

৪.▶




ক. নিউরন কী? ১

Teachingbd24.com

খ. পিটুইটারি গ্রন্থিকে প্রভু গ্রন্থি বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে 'ক' সনাক্ত করে এর 'C' চিহ্নিত অংশের বর্ণনা দাও। ৩
ঘ. D ও E অংশের বর্ণনা কর এবং যুক্তি দাও যে উপরোক্ত ডায়াগ্রাম অনুযায়ী স্নায়ুতন্ত্রের যে শ্রেণিবিভাগ দেখানো হয়েছে তা প্রকৃত পক্ষে সম্পূর্ণ নয়। ৪

৫.▶ জনি ও রিপন দুই বন্ধু। জনি খুব ভালো ক্রিকেট খেলে। আর রিপন শ্রেণি প্রতিনিধি। জনি যখন মাঠে চার, ছক্কা পিটায় তখন দর্শকেরা চিৎকার করে তার নাম ধরে সাবাশ সাবাশ বলে, এতে সে আরও উদ্দীপিত হয় আরও ভালো খেলার জন্য। আর রিপন পরের বছর সাধারণ সম্পাদক পদে প্রতিদ্বন্দ্বিতা করে কীভাবে জয়লাভ করবে, সে জন্য অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছে।

ক. আবেগ কী? ১
খ. তৃষ্ণা জৈবিক ঘোষণা কেন? ২
গ. জনির মধ্যে কোন ধরনের প্রেষণা কাজ করছে বর্ণনা কর। ৩
ঘ. রিপনের মধ্যকার প্রেষণা বর্ণনা কর এবং রিপন ও জনির মধ্যকার প্রেষণা একই শ্রেণির না ভিন্ন শ্রেণীর? মতামত ব্যক্ত কর। ৪

## 'খ' গুচ্ছ

৬.▶ দৃশ্যকল্প-১ঃ শুভ একটি নতুন বাজারে গেল মাছ কিনতে। বাজারে ঢোকার পথে একজনকে জিজ্ঞেস করলো, মাছ পাওয়া যাবে বাজারের কোন অংশে? সে বলল, ডান দিক দিয়ে সোজা চলে যান। শুভ ডান দিকে হাঁটা শুরু করল। অনেকটা পথ হাটার পর মাছের দোকান দেখতে পেল এবং মাছ কিনে বাড়ি ফিরল। কয়েক দিন পর শুভর বাবা জিজ্ঞেস করলো, শুভ তুমি কি বলতে পার নতুন বাজারে RFL এর দোকানটি কোথায়? শুভ তাৎক্ষণিক জবাব দিল, বাজারে ঢুকে ডান দিকে মোড় নিয়ে দু' তিনটা দোকানের পরই RFL এর দোকান। শুভ বলতে পেরেছিল কারণ, মাছের দোকানে যাওয়ার সময় ঐ দোকানটি তার চোখে পড়েছিল।

দৃশ্যকল্প-২ঃ রিতা ও মিতা দুবোন কলেজে পড়ে। একদিন রিতার টাইফয়েড ধরা পড়ার পর থেকে প্রায় এক মাস বিছানায় থাকতে হলো। ঐ সময় রিতা পড়ার অনেক বিষয় মনে করতে চাইত কিন্তু স্মরণে আনতে পারত না। মিতা পড়াশুনা করছিল ঠিকই তার একটা সমস্যা হল পরীক্ষার কেন্দ্রে যেয়ে সবকিছু ভুলে যায়।

ক. শিক্ষণ কী? ১

https://teachingbd24.com

খ. প্রত্যাভিজ্ঞাকে স্মৃতির উপাদান বলা হয় কেন? ২

গ. শুভর ক্ষেত্রে কোন ধরনের শিক্ষণ কাজ করেছে পরীক্ষামূলক উদাহরণসহ বর্ণনা কর। ৩

ঘ. রিতা ও মিতার ক্ষেত্রে বিস্মৃতির কোন কারণগুলো দায়ী বর্ণনা কর এবং তারা কোন পদ্ধতিতে অনুশীলন করলে ফলাফল ভাল হবে বলে তুমি মনে কর। ৪

৭. ▶ দৃশ্যকল্প-১ঃ পল্লব ও রাকিব গ্রামের অন্ধকার রাস্তা ধরে হাটছে হঠাৎ এক ঝলক আলো এসে পড়ল তাদের চোখে। এক্ষেত্রে অর্ন্তমুখী স্নায়ু মূখ্য ভূমিকা পালন করেছে।

দৃশ্যকল্প-২ ঃ রানা স্কুলে যাওয়ার সময় হঠাৎ একটি প্রচণ্ড শব্দ শুনতে পেল। তার পর তাকিয়ে দেখল একটি গাড়ির টায়ার পাংচার হওয়াতেই এই শব্দ। এ ক্ষেত্রে সংযোজক স্নায়ু মুখ্য ভূমিকা পালন করেছে।

ক. মনোযোগ কী? ১

খ. আকার ও তীব্রতা কীভাবে মনোযোগ আকর্ষণ করে? ২

গ. দৃশ্যকল্প-১ এর ঘটনাটি কোন প্রক্রিয়া? প্রক্রিয়াটির তিনটি বৈশিষ্ট্য বর্ণনা কর। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এর ঘটনাটি কোন প্রক্রিয়ার উল্লেখ কর এবং দৃশ্যকল্প-১ এর প্রক্রিয়ার সাথে এর কী কী পার্থক্য রয়েছে বিশ্লেষণ কর। ৪

৮. ▶ দৃশ্যকল্প-১ঃ সেলিনার বয়স ১৩ বৎসর। শারীরিক ও মানসিক বিভিন্ন পরিবর্তনের মধ্যে দিয়ে সে বড় হচ্ছে।

দৃশ্যকল্প-২ ঃ নীপা ও ঐশী দুই প্রতিবেশী একাদশ শ্রেণীতে পড়ে। নীপা ক্লাসে অত্যন্ত অমনোযোগী থাকে, শিক্ষকেরা কিছু বললে ভীষণ কান্নাকাটি শুরু করে দেয়। অপরদিকে ঐশী পড়াশোনায় মোটামুটি ভাল কিন্তু সে সবসময় কলেজের বিভিন্ন অনুষ্ঠানে অংশগ্রহণ করার জন্য অস্থির হয়ে থাকে।

ক. মানসিক স্বায়ু কী? ১

খ. বয়ঃসন্ধিকাল মনোভাব ও আচরণকে কীভাবে প্রভাবিত করে? ২

গ. সেলিনার বিকাশের কোন সময়ের কথা বলা হয়েছে, পাঠ্য পুস্তকের আলোকে ঐ সময়ের তিনটি বৈশিষ্ট্য বর্ণনা কর। ৩

ঘ. নীপা ও ঐশির মানসিক স্বাস্থ্যের ওপর কোন কোন পরিবেশের প্রভাব তা বর্ণনা কর এবং তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

Teachingbd24.com

# মনোবিজ্ঞান প্রথম পত্র

বিষয় কোড : | ১ | ২ | ৩ |

সময়-২৫ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান: ২৫

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. Logos শব্দের অর্থ হলো—

ক মন খ বিজ্ঞান

গ আত্মা ঘ আচরণ

২. শিশুর আবেগের বৈশিষ্ট্য হলো, তাদের আবেগ—

i. অপরিবর্তনশীল

ii. প্রতিক্রিয়ার ভিন্নতা

iii. ক্ষণস্থায়ী

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii

গ ii ও iii ঘ i, ii ও iii

৩. ক্ষুধা প্রেষণা সৃষ্টির পেছনে কাজ করে মস্তিস্কের—

ক থ্যালামাস খ হাইপোথ্যালামাস

গ এমিগডালা ঘ জালাকৃতি সংগঠন

৪. ৪ বছরের ঝুমকির ছোট ছোট খেলনা হাড়ি-পাতিল দিয়ে তার মায়ের মতো রান্না-বান্না করা হলো—

ক সহায়ক শিক্ষণ

খ অর্ন্তদৃষ্টিমূলক শিক্ষণ

গ সাপেক্ষীকরণ ঘ অনুকরণ

৫. জ্ঞানগত শিক্ষণের বিষয়বস্তু হলো—

i. তথ্য নির্বাচন

ii. তথ্যের প্রত্যাহ্বান

iii. প্রচেষ্টা ও ভুল

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii

গ ii ও iii ঘ i, ii ও iii

৬. কোন উদ্দীপককে ভিন্ন ভিন্ন পরিস্থিতিতে একই রকম দেখা, প্রত্যক্ষণের—

ক নমনীয়তা খ নির্বাচনমুখীতা

গ সামগ্রিকতা ঘ অপরিবর্তনীয়তা

৭. মানসিক স্বাস্থ্য আন্দোলনের উদ্দেশ্য ছিল—

i. মানসিক রোগ সম্পর্কে ভ্রান্ত ধারণার অবসান করা

ii. মানসিক ব্যাধিতে আক্রান্ত লোকের প্রতি বিরূপ মনোভাব পোষণ করা

iii. সুচিকিৎসার ব্যবস্থা করা ও প্রতিরোধমূলক ব্যবস্থা নিশ্চিত করা

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii

গ ii ও iii ঘ i, ii ও iii

৮. গুণ বাচক উপাত্ত হলো—

ক লোকসংখ্যা খ লোকের আয়

গ গায়ের বর্ণ ঘ লোকের বয়স

৯. মেলাটোনিন হরমোন নিঃসরিত হয় কোন গ্রন্থি থেকে?

ক পিটুইটারি খ পিনিয়াল

গ থাইমাস ঘ থাইরয়েড

উদ্দীপকটি পড়ো এবং ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও।

মিঃ নোমান সেদিন অপিসে ঢুকেই দেখেন তার এক সহকর্মী খুব শব্দ করে কফ ফেলে গলা পরিস্কার করছেন। এটা দেখে সেদিন মিঃ নোমান কাজে মনোনিবেশ করতে পারলেন না। এরপর থেকে যখনই ঐ সহকর্মীর সাথে দেখা হয় সে তাচ্ছিল্যভাব দেখায় অথবা তাকে এড়িয়ে চলে।

১০. মিঃ নোমানের ক্ষেত্রে কী কাজ করছে?

ক প্রেষণা খ শিক্ষণ

গ আবেগ ঘ প্রত্যক্ষণ

১১. মিঃ নোমানের ক্ষেত্রে যে বিষয়টা কাজ করেছে সেটিকে বিশ্লেষণ কররে পাওয়া যায়?

i. বিরক্তি

ii. ঘৃণা

iii. ক্রোধ

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii

গ ii ও iii ঘ i, ii ও iii

১২. টগর নাস্তা না খেয়ে স্কুলে গেছে। যেই টিফিনের ঘন্টা পড়েছে, দৌড়ে সে ক্যান্টিনের দিকে যাচ্ছে। এমন সময় তার বন্ধু অনিক তাকে দাড় করানোর চেষ্টা করল কিন্তু পারল না। টগরের ক্ষেত্রে কাজ করেছে প্রত্যক্ষণের ব্যক্তিনিষ্ট শর্ত—

ক আবেগ খ মূল্যবোধ

গ চাহিদা ঘ ক্লান্তি

Teachingbd24.com

১৩. পৌনঃপুন্য বণ্টনের সত্যিকার প্রতিনিধিত্বকারী সংখ্যা হলো—

ক) গড় খ) মধ্যক
গ) প্রচুরক ঘ) পরিসর

১৪. অপছন্দনীয় ব্যক্তির দোষ ত্রুটি বেশি চোখে পড়ার ক্ষেত্রে মনোযোগের যে শর্ত কাজ করে তা হলো-

ক) আগ্রহ খ) আবেগ
গ) স্বাস্থ্য ঘ) মূল্যবোধ

১৫. Psychology শব্দটির বানান মনে রাখতে পিসি (Psy) চলো (cholo) যাই (gy) কৌশলটি হলো-

ক) সংঘবদ্ধকরণ খ) অর্থপূর্ণ শিক্ষা
গ) স্মৃতির সংকেত ঘ) পর্যালোচনা

**উদ্দীপকটি পড়ো এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও।**

মিঃ লুৎফর চায়ে ১ চামচ চিনি খান। সেদিন দাওয়াতে যেয়ে দই ও মিষ্টি একটু বেশি খেয়ে ফেলেছিলেন। খাওয়ার পর যখন তিনি ১ চামচ চিনি দিয়ে চা খেলেন, তখন চা তার কাছে পানসে মনে হয়েছিল।

১৬. চা পানসে লাগার ঘটনাটি—

ক) প্রাকৃতিক খ) চান্দ্র
গ) জ্যামিতিক ঘ) শারীরবৃত্তিয়

১৭. মিঃ লুৎফরের ঘটনাটি ছিল-

i. অধ্যাস
ii. ভ্রান্ত প্রত্যক্ষণ
iii. অলীক প্রত্যক্ষণ

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৮. ছোট রাতুল যতই বড় হচ্ছে ততই বুদ্ধিমান হচ্ছে। এক্ষেত্রে কাজ করছে-

ক) সংযোগ খ) প্রেষণা
গ) পরিপক্কতা ঘ) আবেগ

১৯. মস্তিষ্কের কোন অংশে ক্ষত সৃষ্টি করে দেখা গেছে হিংস্র প্রাণী শান্ত প্রাণীতে পরিবর্তন হয়েছে?

ক) এমিগডালা খ) হিপো ক্যাম্পাস
গ) সেপটাম ঘ) ফর্নিক্স

২০. নৈতিক নীতিমালা গড়ে তোলার জন্য দরকার

i. অসামঞ্জস্যতা
ii. পুরস্কার
iii. শাস্তি

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২১. ১১, ৭, ৯, ১৩, ১৫, ১৮ এর মধ্যক হলো—

ক) ৯ খ) ১০
গ) ১১ ঘ) ১২

২২. স্মৃতির ১ম স্তর হলো—

ক) প্রত্যাভিজ্ঞা খ) সংরক্ষণ
গ) শিক্ষণ ঘ) পুনরুদ্রেক

২৩. মনোবিজ্ঞানের বিভিন্ন ক্ষেত্রে পরিসংখ্যান পদ্ধতির প্রয়োজন, কারণ পরিসংখ্যান পদ্ধতি উপাত্তকে-

i. সুনির্দিষ্ট করে ii. সংক্ষিপ্ত করে
iii. অবিন্যস্ত করে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৪. রঞ্জন বিজ্ঞান নিয়ে পড়াশোনা করছে। বড় হয়ে সে ডাক্তার হতে চায়। রঞ্জনের মানসিক স্বাস্থ্যের ওপর যে পরিবেশের প্রভাব তা হলো—

ক) পারিবারিক খ) অর্থনৈতিক
গ) সামাজিক ঘ) রাজনৈতিক

২৫. কোন উপাত্তের গড় ২৫.৭ এবং মধ্যমা ২৬.৫ হলে প্রচুরক হবে—

ক) ২৭.১ খ) ২৮.১
গ) ২৯.১ ঘ) ৩০.১

উত্তর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | গ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | ঘ | ৭ | খ | ৮ | গ | ৯ | ক | ১০ | গ | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | গ |
| ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | ক | ২০ | গ | ২১ | ঘ | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | খ | | | | | | | | | | |

Teachingbd24.com